



# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০০

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শিঃশাঃ/কোঃরে/২৬/০৩/২৩০

তারিখঃ ০৪/০২/২০১৬ খ্রিঃ।

## অন-লাইন কোর্স রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, নিম্নবর্ণিত সিডিউলে উল্লেখিত ছাত্র-ছাত্রীদের ক্লাশ আগামী ০৬/০৩/২০১৬ তারিখ রবিবার হইতে শুরু হইবে।

বি এসসি ইঞ্জিনিয়ারিং/বি. আর্ক প্রোগ্রামের কোর্স রেজিস্ট্রেশনের যাবতীয় কার্যক্রম অন-লাইনের মাধ্যমে সম্পন্ন করিতে হইবে। স্টুডেন্ট এ্যাডভাইজর কর্তৃক কোর্স নির্বাচিত হওয়ার পর প্রতি কোর্সের রেজিস্ট্রেশন ফি ৪০/- (চল্লিশ) টাকা হারে মোট টাকাসহ নিম্নোক্ত ছক অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অন্যান্য খাতের পাওনাদি কম্পট্রোলার অফিসের ক্লিয়ারেন্সসহ অগ্রণী ব্যাংক লিঃ, ডুয়েট শাখা, গাজীপুর-এ জমা দিতে হইবে এবং হল-এর যাবতীয় পাওনাদি পরিশোধ করিতে হইবে।

বিভাগের নাম	শিক্ষাবর্ষ	বর্ষ ও সেমিস্টার	বিভিন্ন খাতের ফি'র পরিমাণ (কোর্স রেজিস্ট্রেশন ফি ব্যতীত)	কোর্স রেজিস্ট্রেশন ও ফি জমা দেওয়ার সময়সীমা	
				হইতে	পর্যন্ত
সিই, ইইই, এমই, সিএসই, টিই, আর্কিটেকচার ও আইপিই	২০১৫-২০১৬	২য় বর্ষ ১ম সেমিস্টার	১০৮০/-	০৬/০৩/২০১৬ রবিবার	২০/০৩/২০১৬ রবিবার
	২০১৪-২০১৫	২য় ও ৩য় বর্ষ ২য় সেমিস্টার	১১৩০/-		
		৪র্থ বর্ষ ২য় সেমিস্টার			

কোর্স রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত নিয়মাবলী অবশ্যই যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

- অন-লাইনের মাধ্যমে স্ব-স্ব বিভাগের স্টুডেন্ট এ্যাডভাইজর কর্তৃক নির্বাচিত কোর্সগুলি কোর্স রেজিস্ট্রেশন ফরম-এ পূরণ করিতে হইবে। তবে কোর্স অনুমোদনের পর কোর্সের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অনুমোদনক্রমে সংশোধন করা যাইবে।
- সেশনাল কোর্স (Sessional Course) রিভিউ কোর্স হিসেবে নেওয়া যাইবে না, Theory Course হইতে সর্বোচ্চ ১টি কোর্স রিভিউ কোর্স হিসেবে নেওয়া যাইবে।
- বিভাগ, বর্ষ ও সেমিস্টার ভিত্তিক নির্বাচিত কোর্সের তালিকা যথাসময়ে নোটিশ বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হইতে সংগ্রহ করিতে হইবে। উক্ত তালিকায় বর্ণিত ক্রমিক নম্বর অনুসারে কোর্স পূরণ করিতে হইবে।
- অন-লাইনের মাধ্যমে পূরণকৃত কোর্স রেজিস্ট্রেশন ফরমটি A-4 সাইজের অফসেট (৮০ গ্রামস) কাগজে প্রিন্ট করিয়া নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর প্রদান করিতে হইবে।
- বিশ্ববিদ্যালয়ের যাবতীয় ফি ও কোর্স রেজিস্ট্রেশন ফি কম্পট্রোলার অফিসের মাধ্যমে ব্যাংকে জমাদান পূর্বক ব্যাংক ডিপোজিট স্লিপ, হল-এর যাবতীয় পাওনাদি পরিশোধের স্লিপ ও পূর্বোক্ত সকল গ্রেড সীটের কপি সংশ্লিষ্ট স্টুডেন্ট এ্যাডভাইজরকে দেখাইতে হইবে এবং তাঁহার নিকট অন-লাইনের মাধ্যমে পূরণকৃত কোর্স রেজিস্ট্রেশন ফরম জমা প্রদান করিতে হইবে।
- কোর্স রেজিস্ট্রেশন ফরম এর নির্ধারিত স্থানে সংশ্লিষ্ট বিভাগের স্টুডেন্ট এ্যাডভাইজর এবং বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষর, তারিখ ও সীলমোহরসহ কোর্স রেজিস্ট্রেশন ফরম একাডেমিক শাখায় জমা প্রদান করিতে হইবে।
- নির্ধারিত তারিখের মধ্যেই কোর্স রেজিস্ট্রেশনের যাবতীয় কার্যাবলী সম্পন্ন করিতে হইবে।

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

তারিখঃ ০৪/০২/২০১৬ খ্রিঃ।

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শিঃশাঃ/কোঃরে/২৬/০৩/২৩০

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে)-

- পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- সকল- ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান;
- পরীক্ষা নিয়ন্ত্রক;
- কম্পট্রোলার (ভারপ্রাপ্ত);
- সকল স্টুডেন্ট এ্যাডভাইজর;
- প্রোগ্রামার, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হইল);
- সহকারী পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ);
- ম্যানেজার, অগ্রণী ব্যাংক লিঃ, ডুয়েট শাখা, গাজীপুর;  
(টাকা জমা প্রদানের ডিপোজিট স্লিপ প্রতিদিন কম্পট্রোলার অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হইল);
- নিরাপত্তা কর্মকর্তা;
- সকল নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ;
- সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

০৪/০২/২০১৬  
(আবদুল্লাহ আল মাহমুদ)  
ডেপুটি রেজিস্ট্রার  
একাডেমিক শাখা।